সন্ত্রাসবাদ ও আন্তর্জাতিক অপরাধ মোকাবিলায় বিমস্টেক যৌথ ওয়ার্কিং গ্রুপের 11তম বৈঠক (জেডব্লিউজি-সিটিটিসি)

ভারত সরকারের আয়োজনে সন্ত্রাসবাদ ও আন্তর্জাতিক অপরাধ বিরোধী বিমস্টেক যৌথ ওয়ার্কিং গ্রুপের (জেডব্লিউজি-সিটিটিসি) 11তম বৈঠক 28-29 সেপ্টেম্বর 2026 তারিখে নয়াদিল্লিতে অনুষ্ঠিত হয়। সমস্ত বিমস্টেক সদস্য দেশ অর্থাৎ বাংলাদেশ, ভুটান, ভারত, মায়ানমার, নেপাল, শ্রীলঙ্কা এবং থাইল্যান্ডের প্রতিনিধিদল এই বৈঠকে অংশগ্রহণ করে।

2. ভারতের বিদেশ মন্ত্রকের অতিরিক্ত সচিব (সন্ত্রাসবাদ দমন) ডঃ সুহেল আজাজ খান এই বৈঠকে সভাপতিত্ব করেন।

3. বৈঠকে বিমস্টেক অঞ্চলে প্রচলিত ও উদীয়মান অপ্রচলিত নিরাপত্তা হুমকি সম্পর্কে আলোচনা করা হয়। অংশগ্রহণকারীরা এই অঞ্চলে সন্ত্রাসবাদ ও আন্তর্জাতিক অপরাধ মোকাবিলায় পারস্পরিক সহযোগিতা আরও জোরদার করার লক্ষ্যে বিভিন্ন বিষয় সম্পর্কে আলোচনা করেন এবং সুপারিশ পেশ করেন। বৈঠকে বিমস্টেক জেডব্লিউজি-সিটিটিসি -এর অধীনে বিভিন্ন উপ-গোষ্ঠীর বৈঠকের প্রতিবেদন সম্পর্কেও আলোচনা করা হয় যেমন, i) মানব পাচার সংক্রান্ত উপ-গোষ্ঠী; ii) মাদকদ্রব্য, সাইকোট্রপিক পদার্থ ও প্রিকার্সার রাসায়নিকের অবৈধ পাচার প্রতিরোধ সংক্রান্ত উপ-গোষ্ঠী; iii) অর্থপাচার প্রতিরোধ এবং সন্ত্রাসবাদে অর্থায়ন মোকাবিলা সংক্রান্ত উপ-গোষ্ঠী; iv) আইনি ও আইন প্রয়োগকারী বিষয়াবলী সংক্রান্ত উপ-গোষ্ঠী; এবং v) উগ্রপন্থা ও সন্ত্রাসবাদ মোকাবিলায় সহযোগিতা সংক্রান্ত উপ-গোষ্ঠী।

নয়া দিল্লি

29 সেপ্টেম্বর, 2026